৬৩

দৈনিক খবর

তারিখ .. 13 JUL 1993
পৃষ্ঠা ... ৫ ... কলাম .. ৫ ...

# নিরক্ষরতা দূরীকরণে দলমত নির্বিশেষে সকলকে এগিয়ে আসার আহবান

জাতীয় সংসদের উপনেতা অধ্যাপক একিউ এম বদরুদ্দোজা চৌধুরী দেশে নিরক্ষরতা দূরীকরণে দলমত নির্বিশেষে সংশ্লিষ্ট সকলকে এগিয়ে আসার আহবানজানিয়েছেন।

তিনি গত রোববার শেরে বাংলা নগর কমিউনিটি সেন্টার মিলনায়তনে লোকমান স্মৃতি গণশিক্ষা কেন্দ্রের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ প্রতিমন্ত্রী মোশাররফ হোসেন শাজাহান অনুষ্ঠানে বক্তব্য রাখেন। অধ্যাপক চৌধুরী বলেন,/দেশের উন্নয়নে নিরক্ষরতা একটি সমস্যা। দেশ ও জাতির উন্নয়নে দেশ থেকে আমাদেরকে অবশ্যই নিরক্ষরতা দূর করতে হবে।

তিনি বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এ সত্যকে উপলব্ধি করেই দেশে গণশিক্ষার প্রসারে ব্যাপক পদক্ষেপ গ্রহণ করেছিলেন। বর্তমান খালেদা জিয়ার নেতৃত্বাধীন সরকার শিক্ষা বিস্তারের লক্ষ্যে পুনরায় দেশে গণশিক্ষা চালু করেছে এবং প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করা হয়েছে।

সংসদ উপনেতা দেশের উন্নয়নের জন্য বিএনপি সরকারের গৃহীত গণশিক্ষার মত সকল কর্মসূচী বাস্তবায়নে যুব সমাজকে এগিয়ে আসার আহবান জানান। তিনি গণশিক্ষার পাশাপাশি প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা বিষয়ের ওপর প্রশিক্ষণ দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান

সেচ প্রতিমন্ত্রী তার বক্তৃতায় শহীদ লোকমানের স্মৃতিচারণ করে তার স্বপ্ন বাস্তবায়নে লোকমান গণশিক্ষা কেন্দ্রের কর্মীদেরকে কাজ করে যাওয়ার আহবান জানান।

লোকমান স্মৃতি গণশিক্ষা কেন্দ্রের সভাপতি মোঃ মাসুদ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনা অনুষ্ঠানে সংসদ সদস্য আলম খান, সংসদ সদস্য সৈয়দ মোঃ মহসীন, এডভোকেট মোঃ শাজাহান, গণশিক্ষা কেন্দ্রের সাধারণ সম্পাদক মোঃ কুদরত উল্লা লিটন এবং গণশিক্ষা কেন্দ্রের একজন ছাত্র রিকশা চালক সাদেকুর রহমান, আনু বক্তব্য রাখেন।–তথ্যবিবরণী।